গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্মারক নং ১৩.০৫.১৮০৭.৮০২.১১.০৫১.২২.৩৯৬ তারিখ: ১৮.০৫.২০২৫ খ্রি.

## আলমডাঙ্গা পৌরসভার জন্য ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৭/১০/২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারীকৃত ওএমএস নীতিমালা-২০২৪ এবং ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত পরিপত্র নং ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫ তারিখ ৯ অক্টোবর ২০২৪ এর নির্দেশনা ও উপজেলা ওএমএস কমিটির সিদ্ধান্ত মোতাবেক আলমডাঙ্গা পৌর এলাকায় ০৪ (চার) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত শর্তে এবং উল্লেখিত কেন্দ্রের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পৌরসভার নাম | বিক্রয় কেন্দ্রের নাম | ডিলার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | আলমডাঙ্গা | চাতাল মোড়, (এরশাদপুর চাতাল মোড়) | ১ জন |
| ২ | | নতুন বাসস্ট্যান্ড মোড় (পুরাতন বাসস্ট্যান্ড মডেল প্রাইমারী স্কুল হতে নতুন বাসস্ট্যান্ড পর্যন্ত) | ১ জন |
| ৩ | | কুমারী রোড, পশুহাট (চারতালার মোড় হতে) | ১ জন |
| ৪ | | রেল স্টেশন সংলগ্ন (স্টেশন রোড/কুষ্টিয়া-চুয়াডাঙ্গা রোড) | ১ জন |

**শর্তাবলী:-**

১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে আলমডাঙ্গা পৌরসভার স্থায়ী বাসিন্দা হিসেবে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
২। আবেদনকারীকে আলমডাঙ্গা পৌরসভার ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং ট্রেড লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।
৩। খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
৪। আবেদনকারীর কমপক্ষে ৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
৫। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে এবং মাষ্টাররোলের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
৬। আবেদনকারীকে বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ করে আবেদন করতে হবে। একই কেন্দ্রে একাধিক প্রার্থী আবেদন করলে যোগ্য আবেদনকারীদের মধ্যে হতে লটারির মাধ্যমে বিক্রয় কেন্দ্র ভিত্তিক ০১ (এক) জন করে ডিলার নিয়োগ করা হবে। একজন আবেদনকারী একাধিক কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
৭। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তি প্রাপ্ত কালো তালিকাভুক্ত বা অন্য কোন কারনে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
৮। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন কোন পরিবহন ঠিকাদার/শ্রম ঠিকাদার/ মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি/তাঁর উপর নির্ভরশীল কেউ আবেদন করতে পারবেন না।
৯। প্রজাতন্ত্রের লাভজনক পদে কর্মরত অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/ জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
১০। কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।
১১। ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
১২। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্টফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।
১৩। ওএমএস ডিলার ডিলারশীপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অত্র দপ্তর হতে চালান অনুমোদন পূর্বক অফেরত যোগ্য ৫০০/- (পাঁচ শত) টাকার ট্রেজারী চালান কোড নং ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ (অন্যান্য আদায়) তে জমাপূর্বক চালানের ফটোকপি জমা দিয়ে ফরম সংগ্রহ হরতে হবে এবং চালানের মূল কপি আবেদনের সাথে জমা দিতে হবে।
১৪। ক্রয়কৃত আবেদনের সাথে (ক) চালানের মূল কপি (খ) ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি (গ) ফুড গ্রেইন লাইসেন্সের ফটোকপি (ঘ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (ঙ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি (চ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (ছ) নাগরিকত্ব সনদের ফটোকপি (জ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি এবং অঙ্গীকারনামা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
১৫। ডিলার হিসেবে যোগদানকালে ৫০,০০০/- (পঞ্চাশ) হাজার টাকার পে-অর্ডার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গার অনুকূলে জমা দিতে হবে।
১৬। খামের উপরে আবেদনকারীর নাম এবং কেন্দ্রের নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
১৭। ওএমএস ডিলারের নিয়োগ সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত এতদ সংক্রান্ত সরকারি নির্দেশনা এবং অন্যান্য আদেশ সমূহ প্রযোজ্য হবে।
১৮। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

| আবেদন ফরম প্রাপ্তির স্থান | আবেদন ফরম বিক্রির সময়সীমা | আবেদন গ্রহণের স্থান,তারিখ ও সময় |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | ১৮/০৫/২০২৫-২৯/০৫/২০২৫ খ্রি. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। ০১/০৬/২০২৫ সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত। |

(মোঃ আব্দুল হামিদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব ডিলার নিয়োগ কমিটি,
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
ucf.cdg.alamdanga@dgfood.gov.bd

স্মারক নং ১৩.০৫.১৮০৭.৮০২.১১.০৫১.২২.৩৯৬(১৬) তারিখ: ১৮.০৫.২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চুয়াডাঙ্গা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৫। প্রশাসক, আলমডাঙ্গা পৌরসভা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৬। উপজেলা কৃষি অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৭। উপজেলা সমাজসেবা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১০। সভাপতি, উপজেলা প্রেসক্লাব, আলমডাঙ্গা।
১১। সভাপতি, আলমডাঙ্গা প্রেসক্লাব।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আলমডাঙ্গা থানা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আলমডাঙ্গা এলএসডি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৪। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৫। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসার এঁর দপ্তর।
১৬। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

CamScanner